

া সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৫৫০১

৭২/ যবহ ও শিকার (کتاب الذبائح والصید)

পরিচ্ছেদঃ ৭২/১৮. যে জিনিস রক্ত প্রবাহিত করে অর্থাৎ বাঁশ, পাথর ও লোহা।

بَابِ مَا أَنْهَرَ الدَّمَ مِنَ الْقَصَبِ وَالْمَرْوَةِ وَالْحَدِيدِ

আরবী

مُحَمَّدُ بْنُ أَبِي بَكْرٍ الْمُقَدَّمِيُّ حَدَّثَنَا مُعْتَمِرٌ عَنْ عُبَيْدِ اللهِ عَنْ نَافِعِ سَمِعَ ابْنَ كَعْبِ بْنِ مَالِكٍ يُخْبِرُ ابْنَ عُمَرَ أَنَّ أَبَاه " أَخْبَرَه " أَنَّ جَارِيَةً لَهُمْ كَانَت ْ تَرْعٰى غَنَمًا بِسَلْعٍ فَأَبْصَرَت مَالِكٍ يُخْبِرُ ابْنَ عُمَرَ أَنَّ أَبَاه " أَخْبَرَه " أَنَّ جَارِيَةً لَهُمْ كَانَت ْ تَرْعٰى غَنَمًا بِسَلْعٍ فَأَبْصَرَت بِشَاةٍ مِنْ غَنَمِهَا مَوْتًا فَكَسَرَت حَجَرًا فَذَبَحَتْهَا فَقَالَ لأَخهْلِه " لاَ تَأْكُلُوا حَتَّى آتِيَ النَّبِيَّ صلى الله عليه صلى الله عليه وسلم فَأَسْأَلُه " فَأَتَى النَّبِيَّ صلى الله عليه وسلم أَوْ بَعَثَ إِلَيْهِ فَأَمْرَ النَّبِيُّ صلى الله عليه وسلم بِأَكْلِهَا.

বাংলা

৫৫০১. ইবনু কা'ব ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। তিনি ইবনু 'উমার (রাঃ)-কে জানিয়েছেন যে, তাঁর পিতা (কা'ব) তাকে বলেছেনঃ তাদের একটি দাসী 'সালা' নামক স্থানে বক্রী চরাত। সে দেখতে পেল, পালের একটি বক্রী মারা যাচ্ছে। সে একটি পাথর ভেঙ্গে তা দিয়ে সেটি যবেহ করল। তখন তিনি কা'ব) পরিবারের লোকজনকে বললেনঃ আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর কাছে গিয়ে জিজ্ঞেস করে আসার পূর্বে তোমরা তা খেয়ো না। অথবা তিনি বলেছেনঃ আমি তাঁকে জিজ্ঞেস করার জন্য কাউকে পাঠিয়ে জেনে নেয়ার আগে তোমরা তা খেয়ো না। এরপর তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এলেন অথবা তিনি কাউকে তাঁর নিকট পাঠালেন তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেটি খেতে আদেশ দিলেন। [২৩০৪] (আধুনিক প্রকাশনী-ধ০৯৫, ইসলামিক ফাউন্ডেশন- ৪৯৯২)

English

Narrated Ka'b:

that a slave girl of theirs used to shepherd some sheep at Si'a (a mountain near Medina). On seeing one of her sheep dying, she broke a stone and slaughtered it. Ka`b said to his family, "Do not eat (of it) till I go to the



Prophet (ﷺ) and ask him, or, till I send someone to ask him." So he went to the Prophet (ﷺ) or sent someone to him The Prophet (ﷺ) permitted (them) to eat it.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবনু কা'ব ইবনু মালিক (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন